

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
গবেষণা ও বৃত্তি শাখা  
www.ictd.gov.bd

স্মারক নম্বর- ৫৬.০০.০০০০.০২৮.১৭.০৬৭.১৬-৩৩৮

তারিখঃ ২২ ভাদ্র ১৪২৫  
০৬ সেপ্টেম্বর ২০১৮

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে ২০১৮-১৯ অর্থবছরে গবেষণার জন্য  
ফেলোশিপ ও বৃত্তি প্রদান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে  
উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদান সংক্রান্ত  
বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে ২০১৮-১৯ অর্থবছরে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদানের লক্ষ্যে “তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬” এ বর্ণিত যোগ্যতা সম্পন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, গবেষক এবং প্রত্যাশী ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

০২। আবেদনপত্র দাখিল, বাছাই ও মূল্যায়নের সম্ভাব্য সময়সীমা নিম্নরূপ:

রাউন্ড	অনলাইনে আবেদনপত্র দাখিলের সময়সীমা	বাছাই ও মূল্যায়নের সম্ভাব্য সময়	মন্তব্য
১ম	৩০ সেপ্টেম্বর, ২০১৮	অক্টোবর, ২০১৮	অফিস
২য়	৩১ ডিসেম্বর, ২০১৮	জানুয়ারি, ২০১৯	চলাকালীন
৩য়	৩১ মার্চ, ২০১৯	এপ্রিল, ২০১৯	সময় পর্যন্ত

০৩। এ সংক্রান্ত নীতিমালাসহ অনলাইনে আবেদনপত্র দাখিলের লিংক এ বিভাগের **website: www.ictd.gov.bd** হতে বিস্তারিত জানা যাবে ও Online এ আবেদনপত্র দাখিল করা যাবে। সরাসরি আবেদনপত্র দাখিল নিরুৎসাহিত করা যাচ্ছে।

০৪। নীতিমালার সাথে সঙ্গতিপূর্ণ নয় এমন আবেদনপত্র গ্রহণযোগ্য/বিবেচিত হবে না।

০৫। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা রাখে।

(মোহাম্মদ আবুল খায়ের)  
উপসচিব

☎ ০২-৫৫০০৬৮৭০

✉ mkhayer@ictd.gov.bd